যুগান্তর

DEC. 28 2007

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

# শিক্ষক সমিতি ফেডারেশনের ১৫ দফা সুপারিশ

যুগান্তর রিপোর্ট

মানবসম্পদ উন্নয়নে শিক্ষক সমিতি ফেডারেশন ১৫ দফা সুপারিশ পেশ ও তা দ্রুত বাস্তবায়নের জন্য সরকারের কাছে দাবি জানিয়েছে।

গতকাল জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ এ দাবি জানিয়েছেন। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ

সুপারিশ : পৃষ্ঠা : ১৭ কলাম : ৫

## সুপারিশ : ১৫ দফা

(৩য় পৃষ্ঠার পর)

সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম প্রমুখ।

তাদের দাবিসমূহের মধ্যে অন্যতম হচ্ছে– স্কুল, কলেজ, মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটিতে সংসদ সদস্যসহ রাজনৈতিক ব্যক্তিদের অন্তর্ভুক্ত না করা, সিলেবাস ও কারিকুলামে তত্ত্বীয় অপেক্ষা ব্যবহারিক শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দেয়া, দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে নবম শ্রেণী থেকে সব ছাত্রছাত্রীকে পেশানির্ভর প্রশিক্ষণ দেয়া, উচ্চ মাধ্যমিক স্তর থেকে সেমিস্টার পদ্ধতি চালু করা ইত্যাদি।